

বৃ. শান্তর

তারিখ ...
পৃষ্ঠা ১৫ কলাম ৪

২১

রাজশাহী বিআইটিতে যুবদল ও ছাত্রদল ক্যাডারদের ভাংচুর

রাজশাহী ব্যুরো
রাজশাহী বিআইটির পরিচালক ড.
মোহাম্মদ কেবামত আলী মোস্তার অফিসে
মঙ্গলবার দুপুরে ছাত্রদল ও যুবদলের
ক্যাডাররা ব্যাপক ভাংচুর ও পরিচালককে
লাঞ্ছিত করেছে। বিআইটির ট্রান্সপোর্ট
বিআইটি : পৃষ্ঠা : ২ কলাম : ৮

বিআইটি : ভাংচুর

(শেষ পৃষ্ঠার পর)

অফিসের পদে মগবীর মতিহার থানা
যুবদলের সভাপতি ফিরোজকে নিয়োগ না
দেয়ায় এই হামলা ও ভাংচুর করা হয়েছে
বলে জানা গেছে।
বিআইটি সূত্রে জানা গেছে, গত কয়েক
মাসে বিআইটিতে ১৩টি পদে ২৬ জন
লোক নিয়োগ দেয়া হয়েছে। অগামী
কয়েকদিনের মধ্যে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর
কর্মচারী পদে ২৭ জনকে নিয়োগ দেয়ার
বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। নিয়োগ দেয়া
১৩টি পদের মধ্যে গত ১৮ আগস্ট
রোববার ৭ জন যোগদান করেন। এই ৭টি
পদের মধ্যে রয়েছে ২টি প্রথম শ্রেণীর
কর্মকর্তা এবং বাকি ৫টি দ্বিতীয় শ্রেণীর
কর্মকর্তা। দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তার ৫টি
পদের মধ্যে ট্রান্সপোর্ট অফিসারের একটি
পদ ছিল। এই পদে মতিহার থানা
যুবদলের সভাপতি ফিরোজকে নিয়োগ
দেয়ার জন্য পরিচালকের কাছে কয়েক
বুফা তদবিরও হয়। কিন্তু এই পদে
ফিরোজকে নিয়োগ না দিয়ে বিআইটি
কর্তৃপক্ষ নিয়োগ দেয় বিএনপি সংশ্লিষ্ট
ফরমান আলীকে। এতে ক্ষুব্ধ হয় মতিহার
থানা যুবদল ও ছাত্রদল।